জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী
শিক্ষা মন্ত্রণালয়
বগুড়া, বাংলাদেশ।
www.nactar.gov.bd

বিষয় : **জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার) বগুড়া'র বোর্ড অব গভর্ণরস-এর ২৪তম সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ সোহরাব হোসাইন, সচিব, শিক্ষা মন্ত্রণালয়

স্থান : শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

তারিখ : ২৫/৪/২০১৬ খ্রি.

সময় : বিকাল ০৩.০০ মিনিট

জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) বগুড়া'র বোর্ড অব গভর্ণরস-এর ২৪তম সভা ২৫ এপ্রিল, ২০১৬ খ্রি. তারিখ রোজ সোমবার বিকাল ০৩.০০ মিনিটে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে (ভবন-৬, ১৮তলা, কক্ষ নং-১৮১৫) অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিক্ষা মন্ত্রণালয়ের সচিব ও বোর্ড অব গভর্ণরস-এর চেয়ারম্যান মোঃ সোহরাব হোসাইন।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা **পরিশিষ্ট-ক**।

সচিব ও বোর্ড অব গভর্ণরস-এর চেয়ারম্যান উপস্থিত সম্মানিত সদস্যগণের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। সভাপতির নির্দেশক্রমে পরিচালক, নেকটার, জনাব এস, এম, ফেরদৌস আলম আলোচ্যসূচিসমূহ ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেনঃ

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা ও প্রস্তাব	সিদ্ধান্ত
১.০	২৪তম সভায় জন্য আলোচ্যসূচি নির্ধারণ।	আলোচনার শুরুতে ২৪তম সভায় আলোচ্যসূচি নির্ধারিত হয়। আলোচ্যসূচিসমূহ নিম্নরূপঃ ১.১। নেকটার বোর্ড অব গভর্ণরস'র ২৩তম সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ। ১.২। ২৩তম সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা। ১.৩। নেকটার, বগুড়া'র প্রবিধানমালা ও নিয়োগ তফসিল চূড়ান্তকরণের বিষয়ে সর্বশেষ অগ্রগতি অবহিতকরণ। ১.৪। জনাব মোঃ ফিরোজ খান, স্টোর অফিসার, নেকটার, বগুড়া'র স্বেচ্ছায় অবসর ও পেনশন মঞ্জুরির বিষয়ে আলোচনা। ১.৫। এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং (০৬ মাস মেয়াদি) কোর্সের বিষয়ে আলোচনা ও ০১ বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স কোর্স চালু ও সিলেবাস প্রণয়নে বিশেষজ্ঞ কমিটি গঠন। ১.৬। ০১ বৎসর মেয়াদি (তিন সেমিস্টার) এ্যাডভান্সড ডিপ্লোমা-ইন-কম্পিউটার প্রোগ্রামিং কোর্সের প্রণীত সিলেবাস অনুমোদন ও কোর্স চালুর সম্মতি। ১.৭। নেকটার কর্তৃক পরিচালিত আউট সোর্সিং এন্ড ফ্রিল্যান্সিং সম্পর্কিত শর্ট কোর্সের সিলেবাস অনুমোদন। ১.৮। একাডেমির প্রকৌশল, স্টোর ও মেডিকেল ইউনিট ভবনের উপরে ২য় ও ৩য় তলা নির্মাণের বিষয়ে আলোচনা। ১.৯। বিবিধ। (১.৯.১) একাডেমির অকেজো পুরাতন মালামাল ও অকেজো কম্পিউটার যন্ত্রাংশ নিলামকরণ। (১.৯.২) দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োজিত ১০ (দশ) জন কর্মচারীর কাজের মেয়াদ ও মজুরীর হার বৃদ্ধিকরণ। (১.৯.৩) বোর্ড অব গভর্ণরস-এর সদস্যগণকে টি.এ.-ডি.এ. প্রদান। (১.৯.৪) অতিথি শিক্ষক-গেস্ট স্পীকারগণের সম্মানী বৃদ্ধি।	

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা ও প্রস্তাব	সিদ্ধান্ত
২.০।	**নেকটার বোর্ড অব গভর্ণরস'র ২৩তম সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ।**	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, বোর্ড অব গভর্ণরস-এর ২৩তম সভার কার্যবিবরণী সম্মানিত সদস্যগণের নিকট ইতোপূর্বেই প্রেরণ করা হয়েছে। আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকলে ২৩তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা যেতে পারে। এ প্রসঙ্গে সভাপতি উপস্থিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। ২৩তম সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সকল সদস্য মত প্রকাশ করেন।	**২৩তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।**
৩.০।	**২৩তম সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**	নেকটার, বগুড়া'র বোর্ড অব গভর্ণরস-এর ২৩তম সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতির বিষয়ে পরিচালক, নেকটার ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।	**২৩তম সভার সিদ্ধান্তসমূহের অধিকাংশ বাস্তবায়ন হওয়ায় সভার সন্তোষ প্রকাশ করা হয়।**
৪.০।	**নেকটার, বগুড়া'র প্রবিধানমালা ও নিয়োগ তফসিল চূড়ান্তকরণের বিষয়ে সর্বশেষ অগ্রগতি অবহিতকরণ।**	নেকটারের প্রবিধানমালা অনুমোদনের বিষয়ে পরিচালক, নেকটার বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতির পরিপ্রেক্ষিতে প্রস্তাবিত প্রবিধানমালা শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে আইন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা চূড়ান্ত পর্যায়ে আছে। আশা করা যায় আগামী ০১ (এক) মাসের মধ্যে গেজেট প্রকাশিত হবে।	**উপ-সচিব (কারিগরি-২) ও পরিচালক (উপ-সচিব) নেকটার আইন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে প্রবিধানমালা চূড়ান্তকরণে ও এস.আর.ও. জারির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।**
৫.০।	**মোঃ ফিরোজ খান, স্টোর অফিসার, নেকটার, বগুড়া'র স্বেচ্ছায় অবসর ও পেনশন মঞ্জুরির বিষয়ে আলোচনা।**	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, জনাব মোঃ ফিরোজ খান, স্টোর অফিসার নেকটার, বগুড়া'র একজন ২য় শ্রেণির কর্মকর্তা। তিনি বিগত ০১/৭/১৯৮৪ খ্রি. তারিখে সাবেক নট্রামস, বগুড়া'র নিম্নমান সহকারী পদে চাকুরিতে যোগদান করেন এবং ০১/২/১৯৮৬ খ্রি. তারিখে স্টোর কিপার পদে নিয়োগপ্রাপ্ত হন। পরবর্তীতে, গত ০১/৬/১৯৯৩ খ্রি. তারিখ হতে নট্রামস শক্তিশালীকরণ শীর্ষক উন্নয়ন প্রকল্পে স্টোর অফিসার পদে নিয়োগপ্রাপ্ত হন। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অনুযায়ী তার জন্ম তারিখ ০১/২/১৯৬০ খ্রি. মোঃ ফিরোজ খান, স্টোর অফিসার ০১/৮/২০১৬ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণ ও অবসরোত্তর পেনশন সমর্পণ পূর্বক সকল পাওনা ভাতাদি এককালীন প্রদানের জন্য গত ২৯/২/২০১৬ খ্রি. তারিখে আবেদন করেছেন। তার চাকুরিতে যোগদানের তারিখ হতে ৩১/৭/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত মোট চাকুরিকাল ৩২ বছর ০২ মাস ০১ দিন। তিনি ০১/৭/১৯৮৪ খ্রি. তারিখ হতে অদ্যাবধি রাজস্বখাতের আওতায় চাকুরি করে আসছেন। তার কর্মকালীন সময়ে অর্থাৎ ৩১/৭/২০১৬ পর্যন্ত গড় বেতনে ০১ বছর ০২ মাস ০৭ দিন এবং অর্ধ গড় বেতনে ০১ বছর ০৩ মাস ০৩ দিন ছুটি অর্জিত হবে। গণ কর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯ (১) ধারার ০১ হতে ০৪ এবং বি.এস.আর. পার্ট-১, বিধি-২৫৮, ২৬৭এ(i) নোট ২ এবং বিধি-২৮০ অনুযায়ী তার চাকুরি পেনশনযোগ্য।	**শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক ১৯২, তারিখঃ ১৬/২/২০১৬ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে কর্মরত দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পি.আর.এল. পেনশন/পারিবারিক পেনশন ও অবসর [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত] প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধান হিসেবে পরিচালকের এখতিয়ারাধীন। এমতাবস্থায়, পরিচালক, নেকটার বিধি-বিধান অনুসরণ পূর্বক আবেদনকারী কর্মকর্তার পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।**

মোহসিন

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা ও প্রস্তাব	সিদ্ধান্ত
		শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬১.১৮.৭৮.২০১৪/২১০, তারিখঃ ২২/২/২০১৬ খ্রি. অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৬১.১৮.৭৮.২০১৪/১৯২, তারিখঃ ১৬/২/২০১৬ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের মাঠ পর্যায়ে কর্মরত দ্বিতীয় শ্রেণির কর্মকর্তার পি.আর.এল. পেনশন/পারিবারিক পেনশন ও অবসর [গণকর্মচারী অবসর আইন, ১৯৭৪-এর ধারা ৯(২) ব্যতীত] প্রদানের ক্ষমতা বিভাগীয় প্রধান হিসেবে পরিচালক ক্ষমতাবান। জনাব মোঃ ফিরোজ খান, স্টোর অফিসার এর চাকুরির মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তার আবেদনের পরিপ্রেক্ষিতে গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(১) ধারা এবং শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র স্মারক নং-৩৭.০০.০০০০.০৬১.১৮.৭৮.২০১৪/১৯২, তারিখঃ ১৬/২/২০১৬ অনুযায়ী স্বেচ্ছায় অবসর প্রদানের বিষয়ে সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।	
৬.০।	**এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং (০৬ মাস মেয়াদি) কোর্সের বিষয়ে আলোচনা ও ০১ বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স কোর্স চালু ও সিলেবাস প্রণয়নে বিশেষজ্ঞ কমিটি গঠন।**	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং (০৬ মাস মেয়াদি)। নেকটারের একটি উলে-খযোগ্য কোর্স। এই কোর্সে দেশের উচ্চ শিক্ষিত বেকার যুবক ও যুব মহিলাগণ ভর্তি হয়। কোর্স শেষে স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সহকারী শিক্ষক এবং বিভিন্ন সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরির সুযোগ পেয়ে থাকে। প্রতি বছর এ কোর্স থেকে প্রায় ৪৫-৫০ লক্ষ টাকা নেকটারের নিজস্ব আয় হয়। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২. (এম.পি.ও. নীতিমালা সংশোধন) ২০১২-২২৬ তারিখঃ ১৪/৬/২০১৫ খ্রি. পরিপত্র সংশোধন নীতিমালা (৬ষ্ঠ-১২শ) পরিপত্রে কম্পিউটার শিক্ষক নিয়োগের শিক্ষাগত যোগ্যতা কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক/সমমান অথবা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ০৩ বৎসর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স করা হয়েছে। ফলে নেকটার কর্তৃক পরিচালিত ৬ মাস মেয়াদি এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা কম্পিউটার আই.সি.টি. বিষয়ে শিক্ষকতা পেশায় আসার সুযোগ হতে বঞ্চিত হচ্ছেন। এ কোর্সে প্রশিক্ষণার্থীর সংখ্যা দিন দিন আশংকাজনক হারে হ্রাস পাচ্ছে এবং কোর্সটির ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। উল্লেখ্য, স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের প্রশিক্ষণার্থীরা নেকটারে ০৬ মাস মেয়াদি "এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং" এ অংশগ্রহণ করে থাকে। এ ক্ষেত্রে বিজ্ঞান বিভাগের স্নাতক-স্নাতকোত্তর ডিগ্রিধারী ও নেকটারের ৬ মাস মেয়াদি এ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স অন কম্পিউটার ট্রেনিং সম্পন্নকারীদের স্কুল কলেজ মাদ্রাসায় আই.সি.টি. শিক্ষকতা পেশায় অংশগ্রহণের সুযোগ প্রদানের লক্ষ্যে পরিপত্রে প্রয়োজনীয় সংযোজনী আনায়ন করা যেতে পারে।	**বর্ণিত পরিপত্র জারির পরিপ্রেক্ষিতে নেকটার ও অন্যান্য মন্ত্রণালয়াধীন সংস্থা কর্তৃক পরিচালিত ৬ মাস মেয়াদি কোর্সটিকে কিভাবে সমন্বয় করা যায় সে বিষয়ে অতিরিক্ত সচিব (কারিগরি) এর তত্ত্বাবধান/নির্দেশনায় মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড ও পরিচালক, নেকটার পর্যালোচনার মাধ্যমে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন করবেন।**

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা ও প্রস্তাব	সিদ্ধান্ত
৭.০।	০১ বৎসর মেয়াদি (তিন সেমিস্টার) এ্যাডভান্সড ডিপ্লোমা-ইন-কম্পিউটার প্রোগ্রামিং কোর্সের প্রণীত সিলেবাস অনুমোদন ও কোর্স চালুর অনুমতি।	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, বর্তমানে দেশে-বিদেশে Application Software সহ নানাবিধ সফটওয়্যারের চাহিদা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ বিপুল সংখ্যক সফটওয়্যারের চাহিদা পূরণের জন্য প্রয়োজন প্রশিক্ষিত ও দক্ষ জনবল। এ উদ্দেশ্যে জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নেকটার) বগুড়া গত ২২/২/২০১৬ খ্রি. তারিখে এক কর্মশালার আয়োজন করে। কর্মশালায় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান বিভাগের শিক্ষক, বিভিন্ন সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষক, সংশ্লিষ্ট বিষয়ে Lead I.T. এর বিশেষজ্ঞ, নেকটারের শিক্ষকমন্ডলী, সফটওয়্যার প্রতিষ্ঠান, জেলা ও উপজেলা পর্যায়ে আই.টি. বিষয়ে ৩১ জন বিশেষজ্ঞ-গবেষক অংশগ্রহণ করেন। কর্মশালায় নেকটারে চলমান কোর্সসমূহ অক্ষুন্ন রেখে 'Advanced Diploma in Computer Programming' নামে ১ বৎসর মেয়াদি একটি কোর্স চালুর সুপারিশ করে। কোর্সে এন্ট্রির জন্য শিক্ষাগত যোগ্যতা Minimum H.S.C./Equivalent with Computer Fundamental Knowledge নির্ধারণ এবং প্রতিটি কোর্সে ন্যূনতম ২০ জন শিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করে। নেকটারে এ্যাডভান্সড ডিপ্লোমা-ইন-কম্পিউটার প্রোগ্রামিং কোর্স চালুর বিষয়ে চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বলেন, একই ধরণের ডিপ্লোমা কোর্স কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত হয় বিধায় নেকটারের প্রস্তাবিত কোর্সটির নামকরণে যাচাই-বাছাই করার আবশ্যকতা রয়েছে। এ প্রসঙ্গে পরিচালক, নেকটার অবহিত করেন যে, কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত Diploma কোর্সটি একটি ৪ (চার) বৎসর মেয়াদি Academic কোর্স। পক্ষান্তরে প্রস্তাবিত কোর্সটি Software Devlopment Technology এর উপর বিশেষ প্রশিক্ষণ কোর্স। এ ক্ষেত্রে নূন্যতম এইচ.এস.সি. পাস শিক্ষার্থীগণ ভর্তির সুযোগ পাবে এবং এ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষার্থীরা বিভিন্ন দেশি-বিদেশি সফটওয়্যার ইন্ডাস্ট্রিতে কাজ করার পাশাপাশি মুক্ত পেশাজীবী হিসেবে কাজের সুযোগ পাবে। বিজনেস প্রমোশনাল কাউন্সিল এর নির্বাহী কর্মকর্তা, আই.সি.টি. মীর শরিফুল বাশার বলেন যে, প্রস্তাবিত কোর্সটির সিলেবাস অত্যন্ত যুগোপযোগী। আই.টি. সেক্টরে এ ধরণের ডিপ্লোমা কোর্সের সিলেবাসের উপর প্রশিক্ষিত যুবক ও যুব মহিলাদের যথেষ্ট চাহিদা রয়েছে। কোর্সটির নামকরণ 'Advanced Diploma in Software Technology' করা যেতে পারে। বেসিস এর সঙ্গে কোর্সটি পরিচালিত করলে শিক্ষার্থীরা আরো বেশী উপকৃত হবে। কোর্সটি তিনটি সেমিস্টারে বিভক্ত করে প্রত্যেকটি সেমিস্টারে ১১ ক্রেডিট আওয়ারসহ মোট ৩৩ ক্রেডিট আওয়ার নির্ধারণ এবং কোর্সের নামকরণের সহিত সঙ্গতি রেখে (Advanced Diploma in Computer Programming=ADCP) Code ভিত্তিক করার সুপারিশ করেন। এ বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষার্থীগণ I.T. Sector এ Software Developer হিসেবে কাজের সুযোগ পাবে। সিলেবাসটি পর্যালোচনান্তে অনুমোদন এবং কোর্স ফি নির্ধারণের জন্য সভায় উপস্থাপন করা হয়। অনুমোদিত হলে কোর্সটি একাডেমিতে চালু করা হবে।	**প্রস্তাবিত ০১ (এক) বৎসর মেয়াদি কোর্স চালুর কার্যক্রম বহাল রেখে সিলেবাসের উপর বিশেষজ্ঞগণের সমম্বয়ে একটি কর্মশালা করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।**

ক্রমিক নং	আলোচ্যসুচি	আলোচনা ও প্রস্তাব	সিদ্ধান্ত
৮.০।	নেকটার কর্তৃক পরিচালিত আউট সোর্সিং এন্ড ফ্রিল্যান্সিং সম্পর্কিত শর্ট কোর্সের সিলেবাস অনুমোদন।	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, নেকটার বোর্ড অব গভর্ণরস-এর চেয়ারম্যান শিক্ষা সচিব বোর্ড অব গভর্ণরস-এর ২২ ও ২৩তম সভায় যুগোপযোগী শর্ট কোর্স চালুকরণের নির্দেশনা প্রদান করেন। ইতোমধ্যে নেকটার কর্তৃক নিম্নোক্ত ৫টি বিষয়ে শর্ট কোর্স চালুর উদ্যোগ গ্রহণ করা হয়: 1. Digital Marketing/Search Engine Optimization (SEO) with E-mail Marketing. 2. Fundamentals of Webpage Designing. 3. C Programming. 4. Graphics Design. 5. Fundamentals of ICT [Only for Officials]. 6. PHP & My SQL. বগুড়া ও পার্শ্ববর্তী জেলাসমুহের বেকার যুবক শিক্ষার্থীদের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে। ইতোমধ্যে বেশ কয়েকটি কোর্স সফলতার সাথে সম্পন্ন হয়েছে। কোর্সসমূহ পরিচালনার লক্ষ্যে ইতোমধ্যে বিশেষজ্ঞ কমিটি দ্বারা সিলেবাস প্রণয়ন করা হয়েছে, যা বোর্ড কর্তৃক অনুমোদন আবশ্যক।	(১) উচ্চ শিক্ষিত বেকার যুব সম্প্রদায়কে মুক্ত পেশাজীবী হিসেবে গড়ে তুলে বৈদেশিক মুদ্রা অর্জনের লক্ষ্যে নেকটার শর্ট কোর্সসমূহ পরিচালনার উদ্যোগ গ্রহণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। (২) উপস্থাপিত শর্ট কোর্সের সিলেবাসসমূহ অনুমোদন করা হয়। (৩) পরিচালক, নেকটার, শর্ট কোর্সসমূহ নিয়মিত পরিচালনার উদ্যোগ গ্রহণ করবেন।
৯.০।	একাডেমির প্রকৌশল, স্টোর ও মেডিকেল ইউনিট ভবনের উপরে ২য় ও ৩য় তলা নির্মাণের বিষয়ে আলোচনা।	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, নেকটার আইন, ২০০৫ এর লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে কম্পিউটার বেইজড ১৪টি ১ম শ্রেণির পদ সরকার রাজস্বখাতে সৃজন করেছে। নিয়োগ তফসিল অনুমোদন না হওয়ায় এ ১৪টি পদে এখনো জনবল নিয়োগ করা সম্ভব হয়নি। আইনের অধীন প্রণীত প্রবিধান ও নিয়োগ তফসিল আইন মন্ত্রণালয়ে চূড়ান্তকরণের অপেক্ষায় আছে। নিয়োগ তফসিল চূড়ান্ত হলেই এ ১৪টি পদে জনবল নিয়োগ করা সম্ভব হবে। বর্তমানে একাডেমির ভৌত অবকাঠামোতে কর্মকর্তা-কর্মচারীগণের বসবার স্থান সংকুলান হচ্ছে না। উপরন্তু নব নিয়োগকৃত উক্ত ১৪টি পদের কর্মকর্তাগণকে দপ্তর/অফিস কক্ষ প্রদান করতে হবে। এ জন্য ১ তলা বিশিষ্ট প্রকৌশল, স্টোর ও মেডিকেল ইউনিট ভবনটির উপরে ২য় ও ৩য় তলা নির্মাণ করলে আপাততঃ উদ্ভূত সমস্যা সমাধান হবে। এ ভবনটি ১৪টি কলাম বিশিষ্ট ১,৫০০ স্কয়ার ফিট আয়তনের ৩ তলার ফাউন্ডেশন দিয়ে ১ তলা নির্মাণ করা আছে। দক্ষ ও অভিজ্ঞ প্রকৌশলী দ্বারা এস্টিমেট করে দেখা যায় ২য় ও ৩য় তলা নির্মাণে আনুমানিক ৪০,০০,০০০/- (মাত্র চলি-শ লক্ষ) টাকা ব্যয় হবে। পর্যায়ক্রমে ২য় ও ৩য় তলা নির্মাণ ও ব্যয় অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। রাজস্ব ও নিজস্ব তহবিল হতে এর ব্যয় সংকুলান করা হবে।	আগামী দুই অর্থবছরে (২০১৬-১৭ ও ২০১৭-১৮) একাডেমির নিজস্ব আয় এবং অনুন্নয়ন রাজস্ব বাজেট হতে প্রকৌশল, স্টোর ও মেডিকেল ইউনিট ভবনের উপরে ক্রমান্বয়ে ২য় ও ৩য় তলা সম্প্রসারণের লক্ষ্যে ৪০,০০,০০০/- (মাত্র চলি-শ লক্ষ) টাকা অনুমোদন দেয়া হয়।
১০.০।	বিবিধ। ১০.১ একাডেমির অকেজো পুরাতন মালামাল ও অকেজো কম্পিউটার যন্ত্রাংশ নিলাম।	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, নেকটার, বগুড়া'র ২০০৯-২০১৫ সনের হিসাব নিরীক্ষায় একাডেমির অকেজো মালামাল ও যন্ত্রাংশ নিলামে বিক্রয় না করা প্রসঙ্গে অডিটে আপত্তি উত্থাপিত হয়েছে। দীর্ঘদিন ব্যবহার জনিত কারণে ৩৩ আইটেমের অকেজো মালামাল ও যন্ত্রাংশ স্টোরের গোডাউনে সংরক্ষণ করা আছে। এ অকেজো মালামালগুলো নিলাম করা হলে সরকার আর্থিকভাবে লাভবান হবে এবং অকেজো মালামালগুলো অপসারণ করলে গোডাউন এবং বিভিন্ন শাখার প্রয়োজনীয় স্থানগুলো পরিস্কার-পরিচ্ছন্ন রাখা সম্ভব হবে। সুতরাং বিষয়টি তালিকা অনুযায়ী নিলাম সংক্রান্ত বিধি-বিধান অনুসরণ পূর্বক নিলামকরণের অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	বিধি-বিধান অনুসরণ পূর্বক পরিচালক, নেকটার উপস্থাপিত তালিকার ক্রমিক নং ০১ হতে ৩৩ পর্যন্ত মালামাল নিলামের ব্যবস্থা করবেন।

ক্রমিক নং	আলোচ্যসূচি	আলোচনা ও প্রস্তাব	সিদ্ধান্ত
	১০.২ দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োজিত ১০ (দশ) জন কর্মচারীর কাজের মেয়াদ ও মজুরীর হার বৃদ্ধি।	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, বোর্ড অব গভর্ণরস-এর ২৩তম সভার আলোচ্যসূচি-৯ এর সিদ্ধান্ত অনুযায়ী দৈনিক হাজিরার ভিত্তিতে নিয়োজিত ১০ (দশ) জন কর্মচারীর কাজের মেয়াদ ০১/৭/২০১৫ হতে ৩০/৬/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসর বৃদ্ধি এবং মজুরী বাবদ সর্বমোট ১১,৭১,২০০/- (মাত্র এগার লক্ষ একাত্তর হাজার দুইশত) টাকা অনুমোদন করা হয়। আগামী ৩০/৬/২০১৬ খ্রি. তারিখে তাদের মেয়াদ শেষ হবে। একাডেমির ছাত্র-ছাত্রী ও প্রশিক্ষণার্থীদের যাতায়াত, মসজিদে নামাজ আদায় এবং টয়লেট, বাথরুম ও ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার জন্য তাদের কাজের মেয়াদ পুনরায় ০১/৭/২০১৬ হতে ৩০/৬/২০১৭ পর্যন্ত ১ (এক) বছর বৃদ্ধিসহ প্রস্তাবিত মজুরী অনুমোদনের প্রস্তাব করা হয়। উল্লেখ্য, এ ব্যয় একাডেমির নিজস্ব তহবিল হতে মেটানো হবে।	বাস্তবতার সাথে সামঞ্জস্য রেখে সুস্পষ্ট প্রস্তাব পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।
	১০.৩ বোর্ড অব গভর্ণরস-এর সদস্যগণকে টি.এ.-ডি.এ. প্রদান।	পরিচালক, নেকটার, বগুড়া জানান যে, বোর্ড অব গভর্ণরস-এর সম্মানিত সদস্য রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুল গোফফার খান গত ২১/৪/২০১৬ খ্রি. তারিখে একটি ই-মেইল বার্তা পাঠান। তিনি জানান যে, বোর্ড অব গভর্ণরস-এর সভায় আগত সম্মানিত সদস্যগণকে নির্ধারিত হারে সিটিং এ্যালাউন্স প্রদান করা হলে দূরবর্তী জেলা হতে আগত সদস্যগণকে (ঢাকার বাহিরে, বগুড়া বা রাজশাহী হতে আগত) কোন প্রকার টি.এ.-ডি.এ. প্রদান করা হয় না। তিনি বহিস্থঃ সদস্যগণকে বর্ধিত হারে (নূন্যতম ১০,০০০/- টাকা) সিটিং এ্যালাউন্স প্রদানের প্রস্তাব করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	সরকারিভাবে যে সকল প্রতিষ্ঠানের কর্মকর্তাগণকে টি.এ.-ডি.এ. প্রদান করা হয় না সে ক্ষেত্রে সিটিং এ্যালাউন্স এর বিষয়টি বিবেচনায় আনা যেতে পারে। এ বিষয়ে পরবর্তী সভায় সুস্পষ্ট তথ্য উপস্থাপনের জন্য বলা হয়।
	১০.৪ অতিথি শিক্ষক-গেস্ট স্পীকারগণের সম্মানী বৃদ্ধি।	পরিচালক সভায় জানান যে, কোর্স পরিচালনা করতে বিষয় ভিত্তিক কিছু কিছু ক্ষেত্রে অতিথি শিক্ষক-গেস্ট স্পীকার আনতে হয়। গেস্ট স্পীকারের সম্মানী ভাতা প্রতি ঘন্টা ২০০/৩০০ টাকা হারে বেশ কয়েক বছর পূর্ব হতে নির্ধারণ করা আছে। কিন্তু বর্তমানে এ সম্মানী ভাতায় দক্ষ অতিথি শিক্ষক-গেস্ট স্পীকার আসতে চান না।	অতিথি শিক্ষকগণের সম্মানী ভাতা বৃদ্ধির বিষয়ে সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের হার এবং এতদসংক্রান্ত সরকারি আদেশ অনুসরণ পূর্বক পরিচালক, নেকটার পরবর্তী সভায় একটি সুনির্দিষ্ট প্রস্তাব উপস্থাপন করবেন।

১১.০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সোহরাব
২২/০৫/২০১৬

(মো: সোহরাব হোসাইন)
সচিব
শিক্ষা মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বোর্ড অব গভর্ণরস
জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও
গবেষণা একাডেমি, বগুড়া।